

# M.A. 4<sup>th</sup> Semester Examination, 2021

## Subject: MUSIC

Course ID: 40551

Course Code: PG/Mus-RS/401C

Course Title: Tagore's Musical Philosophy as expressed in Essays, Poems and Songs

সময়: ২ ঘণ্টা

পূর্ণমান: ৪০

১। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও :

৫x২=১০

(ক) “বাঁশি” কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? কাব্যগ্রন্থটির প্রকাশকাল উল্লেখ করে কবিতাটির প্রথম পাঁচটি চরণ লেখ।

(খ) ‘গোলাপের দিকে চেয়ে বললুম ‘সুন্দর’ –সুন্দর হল সে’--- উদ্ধৃতাংশটি কোন্ কাব্যগ্রন্থের কোন্ কবিতার অংশ? কবিতাটি অবলম্বনে উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ কর।

(গ) “সানাই” কাব্যগ্রন্থের কবিতাগুলির রচনাকাল নির্দেশ কর। ‘সানাই’ কবিতাটির ভাবার্থ লেখ।

২। যে-কোন তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০x৩=৩০

(ক) “সংগীত চিন্তা” গ্রন্থ অবলম্বনে ‘বিশ্ববিদ্যালয়ে সংগীত শিক্ষা’ প্রবন্ধের বিষয়বস্তু আলোচনা কর।

(খ) নীচের গানগুলির ইতিহাস ও ভাবার্থ বুঝিয়ে লেখ :

অ) আমার কণ্ঠ হতে গান কে নিল

আ) তুমি কেমন করে গান করো হে গুণী

(গ) ‘শোনা’ প্রবন্ধের বিষয়বস্তু নিজের ভাষায় লেখ।

(ঘ) রবীন্দ্রনাথ তাঁর ‘শিক্ষা ও সংস্কৃতিতে সংগীতের স্থান’ প্রবন্ধে সংগীতের যে-দুই ধারার আলোচনা করেছেন তার পরিচয় দাও।

(ঙ) ‘বিশেষ বিশেষ মনোভাব উদ্ভেদের সঙ্গে সঙ্গে শরীরের নানা মাংসপেশী ও কণ্ঠের শব্দ-নিঃসারক মাংসপেশীতে উত্তেজনার আবির্ভাব হয়’।- উদ্ধৃতাংশটি কোন্ প্রবন্ধের অন্তর্ভুক্ত? এই প্রবন্ধে কোন্ বিখ্যাত পাশ্চাত্য প্রাবন্ধিকের মত আলোচিত হয়েছে? উদ্ধৃতাংশটির তাৎপর্য বিশ্লেষণ কর।